

🗏 আল-আম্বিয়া | Al-Anbiya | ٱلْأَنْبِيَاء

আয়াতঃ ২১: ৭৭

া আরবি মূল আয়াত:

وَ نَصَرَنْهُ مِنَ القَومِ الَّذِينَ كَذَّبُوا بِلْيتِنَا ؟ إِنَّهُم كَانُوا قَومَ سَوءٍ فَاعْرَقنْهُم اَجمَعِينَ ﴿٧٧﴾

আর আমি তাকে সেই সম্প্রদায়ের বিরুদ্ধে সাহায্য করেছিলাম, যারা আমার আয়াতসমূহকে অস্বীকার করেছিল। তারা ছিল এক মন্দ কওম। তাই আমি তাদের সকলকেই পানিতে ডুবিয়ে মেরেছিলাম। — আল-বায়ান আর আমি তাকে সেই লোকেদের বিরুদ্ধে সাহায্য করেছিলাম যারা আমার আয়াতকে মিথ্যে বলে প্রত্যাখ্যান করেছিল, তারা ছিল এক খারাপ সম্প্রদায়, কাজেই তাদের সব্বাইকে (বানে) ডুবিয়ে দিয়েছিলাম। — তাইসিরুল এবং আমি তাকে সাহায্য করেছিলাম সেই সম্প্রদায়ের বিরুদ্ধে যারা আমার নিদর্শনাবলী অস্বীকার করেছিল, তারা ছিল এক মন্দ সম্প্রদায়; এ জন্য তাদের স্বাইকে আমি নিমজ্জিত করেছিলাম। — মুজিবুর রহমান

And We saved him from the people who denied Our signs. Indeed, they were a people of evil, so We drowned them, all together. — Sahih International

৭৭. এবং আমরা তাকে সাহায্য করেছিলাম সে সম্প্রদায়ের বিরুদ্ধে যারা আমার নিদর্শনাবলীতে মিথ্যারোপ করেছিল: নিশ্চয় তারা ছিল এক মন্দ সম্প্রদায়। এজন্য আমরা তাদের সবাইকেই নিমজ্জিত করেছিলাম।

তাফসীরে জাকারিয়া

(৭৭) এবং আমি তাকে সাহায্য করেছিলাম সেই সম্প্রদায়ের বিরুদ্ধে যারা আমার নিদর্শনাবলীকে মিথ্যাজ্ঞান করেছিল, তারা ছিল এক মন্দ সম্প্রদায়; এ জন্য তাদের সকলকেই আমি নিমজ্জিত করেছিলাম।

তাফসীরে আহসানল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=2560



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন